শিল্পী কল্যাণ ট্রাস্টের এমডি হলেন অভিনেতা শিবা শানু



খল অভিনেতা শিবা বানু। ছবি: সংগৃহীত

বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্টের নতুন ব্যবস্থাপনা পরিচালক (এমডি) হিসেবে নিয়োগ পেয়েছেন ঢাকাই চলচ্চিত্রের খল অভিনেতা শিবা শানু। চুক্তিভিত্তিক এক বছরের এ নিয়োগে তিনি অতিরিক্ত সচিব পদমর্যাদার গ্রেড-২ অনুযায়ী বেতন-ভাতা পাবেন।

শিবা শানুর প্রকৃত নাম চৌধুরী মাজহার আলী। বুধবার (২৮ অক্টোবর) জনপ্রশাসন মন্ত্রণালয়ের জারি করা এক প্রজ্ঞাপনে তাঁর নিয়োগের বিষয়টি জানানো হয়।

প্রজ্ঞাপন অনুযায়ী, বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট আইন, ২০০১-এর ১২(২) ধারা অনুসারে তাঁকে এ পদে নিয়োগ দেওয়া হয়েছে। যোগদানের দিন থেকে পরবর্তী এক বছর তিনি দায়িত্ব পালন করবেন। তবে এ জন্য অন্য কোনো পেশা বা ব্যবসা কিংবা সরকারি, আধা-সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান বা সংগঠনের সঙ্গে বিদ্যমান কর্মসম্পর্ক ত্যাগ করতে হবে। নিয়োগের অন্যান্য শর্ত চুক্তিপত্রের মাধ্যমে নির্ধারণ করা হবে বলেও প্রজ্ঞাপনে উল্লেখ রয়েছে।

শিবা শানু বর্তমানে বাংলাদেশ চলচ্চিত্র শিল্পী সমিতির সভাপতির দায়িত্বে রয়েছেন। শিল্পী কল্যাণ ট্রাস্টের এমডি পদে যোগ দিতে হলে তাঁকে এ দায়িত্ব ছাড়তে হবে। তবে এ বিষয়ে এখনো নিজের সিদ্ধান্ত জানাননি অভিনেতা।